যুগান্তর

তারিখ ... SEP 16 2006 ...
পৃষ্ঠা ... কলাম ...

# যশোরে বাউবির শতাধিক ডিগ্রি পরীক্ষার্থীর পরীক্ষায় অংশগ্রহণ অনিশ্চিত

যশোর ব্যুরো

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) অধীনে চলতি বছর বিএ, বিএসএস প্রথম সেমিস্টার পরীক্ষায় যশোর জেলার ৫ শতাধিক পরীক্ষার্থীর অংশগ্রহণ অনিশ্চিত হয়ে পড়েছে। পরীক্ষা শুরুর মাত্র পক্ষকাল আগে কেন্দ্র পরিবর্তনের ঘোষণায় অনেকের পক্ষেই পরীক্ষায় অংশ নেয়া সম্ভব হবে না। এজন্য যশোরে আঞ্চলিক প্রধানের খামখেয়ালিপনা ও একগুঁয়েমিকে দায়ী করা হয়েছে। দায়িত্বশীল সূত্র জানায়, চলতি বছর বাউবির অধীনে যশোর জেলার ৫৩২ জন পরীক্ষার্থী বিএ এবং বিএসএস প্রথম সেমিস্টারে অংশগ্রহণের জন্য চূড়ান্ত প্রস্তুতি গ্রহণ করেন। এর মধ্যে যশোর সদরের উপশহর ডিগ্রি কলেজের ১৪১, চৌগাছা মধ্যপাড়া মহিলা ডিগ্রি কলেজের ১৬৪, ঝিকরগাছা মহিলা কলেজের ১৭০ ও মনিরামপুর ডিগ্রি কলেজের ৭৫ জন পরীক্ষার্থী রয়েছেন। আগামী ২০ সেপ্টেম্বর থেকে তাদের পরীক্ষা শুরু হওয়ার কথা। সূত্র জানায়, পরীক্ষার্থীদের অধিকাংশই চাকরিজীবী ও ব্যবসায়ী। এজন্য তারা সুবিধামতো কেন্দ্র থেকে পরীক্ষায় অংশগ্রহণের উদ্দেশে ভর্তি হন। কিন্তু এবারই প্রথম টিউটরিয়াল কেন্দ্রসমূহের পরীক্ষাগুলো যশোর শহরের দুটি কলেজে অনুষ্ঠিত হবে। কেন্দ্র দুটি হচ্ছে— যশোর সরকারি সিটি কলেজ ও উপশহর মহিলা ডিগ্রি কলেজ। ঝিকরগাছা টিউটরিয়াল কেন্দ্রের পরীক্ষার্থীরা জানান, তাদের মধ্যে অনেকেরই বাড়ি সাতক্ষীরা, কলারোয়া ও শার্শা এলাকায়। কেন্দ্র পরিবর্তনের ফলে অনেকের পক্ষে পরীক্ষায় অংশগ্রহণ করা নাও হতে পারে। এ সমস্যা দেখা দিয়েছে অন্যান্য টিউটরিয়াল কেন্দ্রের পরীক্ষার্থীদের ক্ষেত্রেও। এ ব্যাপারে যোগাযোগ করা হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ জানায়, নকলমুক্ত পরিবেশে পরীক্ষা অনুষ্ঠানের জন্য কেন্দ্র পরিবর্তনের সিদ্ধান্ত নেয়া হয়েছে। এতে কারও পরীক্ষায় অংশগ্রহণে বিঘ্ন সৃষ্টি হতে পারে বলে মনে হয় না।